কুষ্টিয়ার দৌলতপুরে মাজারে হামলা-অগ্নিসংযোগ, কথিত পীর নিহত

কুষ্টিয়ার দৌলতপুরে ধর্ম অবমাননার অভিযোগকে কেন্দ্র করে একটি মাজারে হামলা, ভাঙচুর ও অগ্নিসংযোগের ঘটনায় মাজারের প্রধান কথিত পীর শামীম রেজা জাহাঙ্গীর (৬৫) নিহত হয়েছে।

শনিবার (১১ এপ্রিল) বিকেল তিনটার দিকে দৌলতপুর উপজেলার ফিলিপনগর ইউনিয়নের দারোগার মোড়ে শামীম বাবার দরবার শরিফে এ ঘটনা ঘটে।

শামীম রেজা ফিলিপনগর গ্রামের মৃত জেছের আলী মাস্টারের ছেলে।

ধর্ম অবমাননার অভিযোগে ২০২১ সালের মে মাসে শামীম রেজার বিরুদ্ধে দৌলতপুর থানায় মামলা হয়। পরে পুলিশ তাঁকে গ্রেপ্তার করে। দীর্ঘদিন কারাভোগের পর সম্প্রতি মুক্তি পেয়ে শামীম আবারও আস্তানা সক্রিয় করেন। এ নিয়ে এলাকাবাসীর মধ্যে ক্ষোভ বিরাজ করছিল।
এরই জেরে শনিবার সকাল থেকে এলাকায় উত্তেজনা ছড়িয়ে পড়ে। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে উপস্থিত হয়। কিন্তু ক্ষুব্ধ জনতা আস্তানায় হামলা, ভাঙচুর ও অগ্নিসংযোগ করে। এ সময় হামলাকারীরা শামীম রেজাসহ তার অন্তত আট অনুসারীকে পিটিয়ে জখম করে।
উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা তৌহিদুল হাসান তুহিন জানান, গুরুতর অবস্থায় শামীম রেজাকে হাসপাতালে আনা হয়। চিকিৎসাধীন অবস্থায় বিকেলে তাঁর মৃত্যু হয়।

দৌলতপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আরিফুর রহমান জানান, স্থানীয়দের হামলায় গুরুতর আহত হন কথিত পীর শামীম রেজা।

পরে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন অবস্থায় বেলা সাড়ে ৪টার দিকে তাঁর মৃত্যু হয়। ময়নাতদন্তের জন্য লাশ কুষ্টিয়া জেনারেল হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে।

পুলিশ ও প্রত্যক্ষদর্শীরা জানান, শামীম রেজা রাজধানীতে মাস্টার্স শেষ করে দীর্ঘদিন শিক্ষকতা করেন। পরে এলাকায় ফিরে আস্তানা গড়ে সেখানে ধর্মীয় কার্যক্রম শুরু করেন।